

তারিখ: 21 MAY 2003
পৃষ্ঠা: ২০

পিএসসি চেয়ারম্যানের পদত্যাগের দাবিতে চবি উপাচার্য অফিস ঘেরাও

চট্টগ্রাম ব্যুরো

বিসিএস ত্রিভুজিয়ারি পরীক্ষায় অংশগ্রহণের জন্য পিএসসি'র সর্বশেষ প্রত্যাবনা প্রত্যাহার এবং পিএসসি'র চেয়ারম্যানের পদত্যাগের দাবিতে গতকাল মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপাচার্য অফিস 'ঘেরাও' করে। সন্ধ্যায়ী হয়ে পরিষদের বয়ানায় তাদের একটি অংশ শহরে অবস্থিত পিএসসি'র আঞ্চলিক অফিসও ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করে।

বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসেবে এসএসসি ও এইচএসসিতে বাংলা এবং ইংরেজিতে গড়ে ৪৫ শতাংশ নম্বর থাকার যে বিধান চালুর ঘোষণা পিএসসি দিয়েছে, তার অব্যবহিত পর থেকেই অন্যান্য বিশ্ববিদ্যালয়ের মতো চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়েও কয়েক হাজার শিক্ষার্থী এ সিদ্ধান্তের বিরুদ্ধে আন্দোলন চালিতে আসছে। গতকাল ক্যাম্পাস ও শহরে ছাত্রেরা বিক্ষোভ মিছিলও বের করে। ক্যাম্পাসের মিছিলটি বিভিন্ন অনুমত ভবন ঘুরে প্রশাসনিক ভবনের সামনে এসে

সমাবেশের মধ্য দিয়ে শেষ হয়। অন্যান্য নগরীর পাঁচসাইশে অবস্থিত পিএসসি কার্যালয় ঘেরাও শেষে ছাত্রদের মিছিলটি চকবাজারে এসে শেষ হয়। এ সময় চট্টগ্রাম কলেজ ও মুহসীন কলেজের শিক্ষার্থীরাও মিছিলে যোগ দিয়ে আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করে।